

## 🗏 আল-ফুরকান | Al-Furqan | ٱلْفُرْقَان

আয়াতঃ ২৫:৬৫

## **া** আরবি মূল আয়াত:

## وَ الَّذِينَ يَقُولُونَ رَبَّنَا اصرفِ عَنَّا عَذَابَ جَهَنَّمَ \* إِنَّ عَذَابَهَا كَانَ غَرَامًا ﴿ ٤٥﴾

## 

আর যারা বলে, 'হে আমাদের রব, তুমি আমাদের থেকে জাহান্নামের আযাব ফিরিয়ে নাও। নিশ্চয় এর আযাব হল অবিচ্ছিন্ন'। — আল-বায়ান

আর তারা বলে : 'হে আমাদের প্রতিপালক! তুমি আমাদের থেকে জাহান্নামের শাস্তি দূর কর, তার শাস্তি তো ভয়াবহ বিপদ।' — তাইসিক্রল

এবং তারা বলেঃ হে আমাদের রাব্ব! আমাদের হতে জাহান্নামের শাস্তি বিদূরিত করুন; ওর শাস্তিতো নিশ্চিত বিনাশ। — মুজিবুর রহমান

And those who say, "Our Lord, avert from us the punishment of Hell. Indeed, its punishment is ever adhering; — Sahih International

৬৫. এবং তারা বলে, হে আমাদের রব! আপনি আমাদের থেকে জাহান্নামের শাস্তি হটিয়ে নিন, তার শাস্তি তো অবিচ্ছিন্ন।

তাফসীরে জাকারিয়া

- (৬৫) এবং যারা বলে, 'হে আমাদের প্রতিপালক! আমাদের থেকে জাহান্নামের শাস্তি নিবৃত্ত কর; জাহান্নামের শাস্তি তো নিশ্চিতভাবে ধ্বংসাত্মক; [1]
  - [1] এখান হতে বুঝা যাচ্ছে যে, রহমানের বান্দা ওরাই যারা একদিকে রাত্রে আল্লাহর ইবাদত করে, আবার অন্য দিকে ভয়ও করে যে, কোন ভুল বা আলস্যের কারণে আল্লাহ ধরে না বসেন। সেই জন্য তারা জাহান্নামের আযাব হতে আশ্রয় প্রার্থনা করে থাকে। অর্থাৎ, আল্লাহর ইবাদত তথা আজ্ঞা পালন করা সত্ত্বেও আল্লাহর আযাব ও তাঁর পাকড়াও হতে নির্ভয় হওয়া ও নিজ ইবাদতের উপর গর্ব করা উচিত নয়। এই অর্থ অন্য জায়গায় এভাবে বর্ণনা করা হয়েছে, ﴿وَالَّذِينَ يُؤْتُونَ مَا آتُوا وَقُلُوبُهُمْ وَجِلَةٌ أَنَّهُمْ إِلَى رَبِّهِمْ رَاجِعُونَ} অর্থাৎ, আর যারা তাদের



প্রতিপালকের নিকট প্রত্যাবর্তন করবে এই বিশ্বাসে তাদের যা দান করবার তা দান করে ভীত-কম্পিত হৃদয়ে। (সূরা মু'মিনূন ৬০ আয়াত) ভয় শুধু এই কারণে নয় য়ে, তাদেরকে আল্লাহর দরবারে উপস্থিত হতে হবে; বরং তাদের ভয় হয় য়ে, তাদের দান খয়রাত গ্রহণ হচ্ছে কি না? হাদীসে এই আয়াতের ব্যাখ্যায় এসেছে, আয়েশা রোঃ) রাসূলুল্লাহ (সাঃ)-কে এই আয়াত সম্পর্কে জিজ্ঞাসা করলেন য়ে, 'এই আয়াতে কি ঐ সব লোকেদেরকে বুঝানো হয়েছে, য়ারা মদ পান ও চুরি করে?' তিনি বললেন, "না, হে আবু বাকরের বেটী! বরং তারা ঐ সব লোক, য়ারা রোয়া রাঝে, নামায় পড়ে, দান করে। তা সত্ত্বেও তারা ভয় করে য়ে, তাদের এইসব সৎকর্মগুলো য়েন আল্লাহর দরবারে অগ্রহণীয় না হয়ে য়য়।" (তিরমিয়ী, কিতাবুততাফসীর সূরাতুল মু'মিনূন)

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=2920

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন